

পর্বঃ১২

পক্ষাঘাতগ্রস্থ স্বামীর সংসারে পল্লবী আজ অনেকটা অসহায়। অনেক চেষ্টা করে একটা চাকুরী জোগাড় করতে পারেনি। তাই স্বামী শ্বশুরের বংশানুক্রমিক সুত্রে কাপড়ের অনেকটা ফেরীর মতো কাপড়ের সাপ্লাই ব্যবসা চালিয়ে সংসারের যাত্রা নির্বাহতে ব্যাস্ত পল্লবীর জীবন। কমলাক্ষকে নিয়ে পল্লবীর স্বপ্ন অনেক পূর্বেই শেষ হয়েছে। পল্লবীর বিয়ের দু'বছর পূর্বে একটা গুজব ছড়ায় যে কমলাক্ষ জাতিসংঘের শান্তি মিশনে ইরাক-কুয়েত যুদ্ধে মারাত্মক ভাবে আহত। বাঁচাই কঠিন। পল্লবীর দাদুভাই বার্ধক্যজনিত রোগে মরনাপন্ন অবস্থা হওয়ায় নারায়নগঞ্জে পল্লবীর মামার বাড়ির পাশের গ্রাম কেশবপুরে পাল পরিবারে বিয়ে হয়। বিয়ের এক বছর পরেই তার একমাত্র ছেলে পুলকের জন্ম হয়। পুলকের প্রথম জন্মবার্ষিকী অনুষ্ঠান পালনের পূর্বাদিন পল্লবীর স্বামী শুভংকর পক্ষাঘাত রোগে আক্রান্ত হয়।